

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

জিনদের ইসলাম গ্রহণ (إسلام الجن)

ত্বায়েফ থেকে ফেরার পথে জিনেরা কুরআন শুনে ইসলাম কবুল করে। জিনেরা দু'বার রাসূল (ছাঃ)-এর নিকট আসে। ইবনু আববাস (রাঃ) বলেন, ১০ম নববী বর্ষে ত্বায়েফ সফর থেকে ফেরার পথে তিনি ওকায বাজারের দিকে যাত্রাকালে নাখলা উপত্যকায় ফজরের ছালাতে কুরআন পাঠ করছিলেন। তখন জিনেরা সেই কুরআন শুনে ইসলাম কবুল করল এবং তাদের জাতির কাছে ফিরে এসে বলল, হে আমাদের জাতি! إِنَّا سَمِعْنَا قُرُآنًا عَجَبًا أَحَدًا 'আমরা এক বিস্ময়কর কুরআন শুনেছি, যা সঠিক পথ প্রদর্শন করে। ফলে আমরা তাতে বিশ্বাস স্থাপন করেছি। আমরা কখনো আমাদের পালনকর্তার সাথে কাউকে শরীক করব না' (জিন ৭২/১-২)।[1]

ছিতীয় বারের বিষয়ে ইবনু মাসঊদ (রাঃ) বলেন, 'আমরা সবাই মক্কার বাইরে রাত্রিকালে রাসূল (ছাঃ)-এর সাথে ছিলাম। কিন্তু এক সময় তিনি হারিয়ে গেলেন। আমরা ভয় পেলাম তাঁকে জিনে উড়িয়ে নিয়ে গেল, নাকি কেউ অপহরণ করল। আমরা চারদিকে খুঁজতে থাকলাম। কিন্তু না পেয়ে গভীর দুশ্চিন্তায় রাত কাটালাম। রাতটি ছিল আমাদের জন্য খুবই 'মন্দ রাত্রি' (شَرُّ لَيْلَةُ) সকালে তাঁকে আমরা হেরা পাহাড়ের দিক থেকে আসতে দেখলাম। অতঃপর তিনি আমাদের বললেন, জিনদের একজন প্রতিনিধি আমাকে ডেকে নিয়ে গিয়েছিল। আমি গিয়ে তাদেরকে কুরআন শুনালাম'। অতঃপর তিনি আমাদেরকে সাথে করে নিয়ে গেলেন এবং জিনদের নমুনা ও তাদের আগুনের চিহ্নসমূহ দেখালেন। অতঃপর বললেন, তোমরা শুকনা হাডিড ও গোবর ইস্কিঞ্জাকালে ব্যবহার করো না। এগুলি তোমাদের ভাই জিনদের খাদ্য' (মুসলিম হা/৪৫০)। উল্লেখ্য যে, ইবনু মাসঊদ কর্তৃক আবুদাউদে বর্ণিত হাদীছে কয়লার কথাও বলা হয়েছে (আবুদাউদ হা/৩৯)।

ত্বায়েফ সফরের ঘটনাবলীতে রাসূলুল্লাহ (ছাঃ) হৃদয়ে প্রশান্তি অনুভব করলেন এবং সব দুঃখ-কষ্ট ভুলে গিয়ে পুনরায় পথ চলতে শুরু করলেন। অতঃপর 'নাখলা' উপত্যকায় পৌঁছে সেখানকার জনপদে কয়েকদিন অবস্থান করলেন। এখানেই জিনদের প্রথম ইসলাম গ্রহণের ঐতিহাসিক ঘটনা ঘটে। যা সূরা আহক্রাফ ২৯, ৩০ ও ৩১ আয়াতে এবং সূরা জিন ১-১৫ আয়াতে বর্ণিত হয়েছে। তবে জিনদের কুরআন শ্রবণ ও ইসলাম গ্রহণের কথা তিনি তখনই জানতে পারেনি। বরং পরে সূরা জিন নায়িলের পর জানতে পারেন। অতঃপর সূরা আহক্রাফ ৩২ আয়াত নায়িল করে আল্লাহ তাকে নিশ্চিত করেছিলেন য়ে, কোন শক্তিই তার দাওয়াতকে বন্ধ করতে পারবে না। য়েখানে আল্লাহ বলেন, وَمَن لاَّ يُجِبْ دَاعِيَ اللهِ فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْأَرْضِ وَلَيْسَ لَهُ مِنْ دُوْنِهِ أَوْلِيَاءَ أُوْلِيَاءَ أُوْلِيَاءَ أُوْلِيَاءَ أُوْلِيَاءَ أُولِيَاءَ أَوْلِيَاءَ هَا كَاللهِ فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْأَرْضِ وَلَيْسَ لَهُ مِنْ دُونِهِ أَوْلِيَاءَ أَوْلَيَاءَ أَوْلَيَاءَ أَوْلِيَاءَ وَوْلَيَاءَ وَلَيْكَ وَلَيْ كَالْكُولُولَيْكَ وَلَيْكَ وَلِيَاءَ وَلَيْكَ وَلَيْسَ كَاللهِ فَلَوْلَهُ وَلَيْكَ وَلَوْلَهُ وَلِيَاءَ وَلَيْكَ وَلِيْكَ وَلِيَاءَ وَلَيْكَ وَلِيْكَ وَلِيَا وَلَيْكَ وَلِيَا وَلَيْكَ وَلِيَا وَلَيْكَ وَلَيْكَ وَلَيْكَ وَلِيَا وَلَيْكَ وَلِيَا وَلَيْكَ وَلَيْكَ وَلَيْكَ وَلِيْكَ وَلِيْكَ وَلِيَا وَلَيْكَ وَلِيْكَ وَلَيْكَ و

নাখলা উপত্যকায় ফজরের ছালাতে রাসূল (ছাঃ)-এর কুরআন পাঠ শুনে নাছীবাইন (نصيبين) এলাকার নেতৃস্থানীয়



জিনদের ৭ বা ৯জনের অনুসন্ধানী দলটি তাদের সম্প্রদায়ের নিকটে গিয়ে যে রিপোর্ট দেয়, সেখানে বক্তব্যের শুরুতে তারা কুরআনের অলৌকিকত্বের কথা বলে। যেমন إِنَّا سَمِعْنَا قُرْآنَاً عَجَباً _ يَهْدِيْ إِلَى الرُّشُدُ فَآمَنًا بِهِ وَلَن سَمِعْنَا قُرْآناً عَجَباً _ يَهْدِيْ إِلَى الرُّشُدُ فَآمَنًا بِهِ وَلَن سَمِعْنَا قُرْآناً عَجَباً فَرْآناً عَجَباً فَرَابًا أَحَداً 'আমরা বিস্ময়কর কুরআন শুনেছি'। 'যা সঠিক পথ প্রদর্শন করে। অতঃপর আমরা তার উপরে ঈমান এনেছি এবং আমরা আমাদের পালনকর্তার সাথে কাউকে কখনোই শরীক করব না' (জিন ৭২/১-২)। অতঃপর তারা বলে, وَأَنَّا ظَنَنَّا أَنْ لَنْ نُعْجِزَ اللهَ فِي الْأَرْضِ وَلَن نُعْجِزَهُ هَرَبًا (জিন ৭২/১২)। আমরা আল্লাহকে পরাজিত করতে পারব না এবং তাঁর থেকে পালিয়েও বাঁচতে পারব না' (জিন ৭২/১২)। সুহায়লী তাফসীরবিদগণের বরাতে বলেন, এই জিনগুলি ইহুদী ছিল। অতঃপর মুসলমান হয়'। এদের বক্তব্য এসেছে সূরা আহকাফ ২৯, ৩০ ও ৩১ আয়াতে'।[2]

উপরোক্ত ঘটনায় প্রমাণিত হয় যে, শেষনবী মুহাম্মাদ (ছাঃ) জিন ও ইনসানের নবী ছিলেন। বরং তিনি সকল সৃষ্ট জীবের নবী ছিলেন। যেমন তিনি বলেন, وَأُرْسِلْتُ إِلَى الْخَلْقِ كَافَّةً، وَخُتِمَ بِيَ النَّبِيُّوْنَ 'আমি সকল সৃষ্ট জীবের প্রতি প্রেরিত হয়েছি এবং আমাকে দিয়ে নবীদের সিলসিলা সমাপ্ত করা হয়েছে'।[3] অন্য হাদীছে সূরা সাবা ২৮ আয়াতের ব্যাখ্যায় ইবনু আববাস (রাঃ) বলেন, فَأَرْسَلَهُ إِلَى الْجِنِّ وَالْإِنْسِ , কিন ও ইনসানের প্রতি প্রেরণ করেছেন'।[4]

ফুটনোট

- [1]. ইবনু হিশাম ১/৪২১-২২; বুখারী ফাৎহসহ হা/৪৯২১; মুসলিম হা/৪৪৯।
- [2]. কুরতুবী, তাফসীর সূরা আহকাফ ২৯, হা/৫৫০৪-০৫; ইবনু কাছীর, তাফসীর উক্ত আয়াত; মুসলিম হা/৪৪৯; ইবনু হিশাম ১/৪২২; আর-রউযুল উনুফ ১/৩৫৪।
- [3]. মুসলিম হা/৫২৩; মিশকাত হা/৫৭৪৮ 'ফাযায়েল ও শামায়েল' অধ্যায় ১ অনুচ্ছেদ।
- [4]. দারেমী হা/৪৬; মিশকাত হা/৫৭৭৩ সনদ ছহীহ 'ফাযায়েল ও শামায়েল' অধ্যায় ১ অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5326

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন